কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-১ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০৫২.১১.০২৯.১৬.৭২১ তারিখ ঃ ০৭ আগস্ট ২০১৬।

বিষয় ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা'র ১৭৬০ টি (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত-২৮১টি এবং সাধারণ কোটায় ১৪৭৯টি) শূন্য পদে প্রার্থী নিয়োগের নিমিত্ত লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণের পদ্ধতি ও নিয়োগ প্রক্রিয়া সংক্রান্ত নীতিমালা অনুমোদন।

সূত্র ঃ ডিএই'র ১৪ জুলাই ২০১৬ তারিখের ১২.০১.০০০০.৩৮.১১.০০৬.২০১৫-৬৫৯৩ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা'র ১৭৬০ টি (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত-২৮১টি এবং সাধারণ কোটায় ১৪৭৯টি) শূন্য পদে প্রার্থী নিয়োগের নিমিত্ত লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণের লক্ষ্যে নিম্নবর্ণিত (ক-ণ) শর্তাবলীর সমন্বয়ে নিয়োগ পদ্ধতি ও প্রক্রিয়া সম্মলিত নীতিমালা অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো ঃ

(ক) বাংলাদেশ সরকারী কর্ম-কমিশন সচিবালয়ের ৩০-০৯-২০০৮ তারিখের বাসককস/ইউ-১২/আ:বি:স:/সংস্কার-১/২০০৭/২৩১ সংখ্যক স্মারক এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫-০৫-২০১৩ তারিখের ০৫.১৭০.০২২.২০.০০.০৪৩.২০১০-১৪৩ সংখ্যক স্মারক মোতাবেক অধিদপ্তরের প্রধান কার্যালয়ের নিম্নোক্ত বিভাগীয় বাছাই/নির্বাচন সংক্রান্ত কমিটির মাধ্যমে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে;

(১) পরিচালক (প্রশাসন ও অর্থ উইং), ডিএই, খামারবাড়ি, ঢাকা - সভাপতি
(২) উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব (প্রশাসনিক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি) - সদস্য
(৩) বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের একজন প্রতিনিধি - সদস্য
(৪) উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব (জনপ্রশাসন মন্ত্রণালয় একজন প্রতিনিধি) - সদস্য
(৫) উপ-পরিচালক (পার্সোনেল), ডিএই, খামারবাড়ি, ঢাকা - সদস্য-সচিব

(খ) উপ-সহকারী কৃষি কর্মকর্তার ১৭৬০টি (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত-২৮১টি এবং সাধারণ কোটায় ১৪৭৯টি) শূন্য পদ পূরণের লক্ষ্যে সদর দপ্তর হতে ০২টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েব সাইটে বাংলাদেশ টেলিটক লিমিটেড এর মাধ্যমে অনলাইনে (online) আবেদন করার জন্য নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা;

(গ) আবেদনপত্রের সাথে জাতীয় পরিচয় পত্রের (NID) কপি দিতে হবে। লিখিত ও মৌখিক পরীক্ষার সময় প্রত্যেক পরীক্ষার্থীকে জাতীয় পরিচয় পত্রের (NID) মূল কপি সংগে আনতে বলতে হবে এবং তা যাচাই করতে হবে;

(ঘ) লিখিত পরীক্ষা অনুষ্ঠানের দিন পরীক্ষা হলে আবেদনপত্রের স্বাক্ষর ও জাতীয় পরিচয় পত্রের স্বাক্ষর হাজিরা খাতার স্বাক্ষরের সাথে মিলিয়ে দেখতে হবে;

(ঙ) বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই/বাছাই করে জেলাওয়ারী বৈধ তালিকা প্রস্তুত করতে হবে; এবং লিখিত পরীক্ষার জন্য প্রাপ্ত জেলাওয়ারী বৈধ তালিকার রোল নম্বর দিতে হবে;

(চ) অনলাইনে (online) বাছাইকৃত বৈধ তালিকার ভিত্তিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএ/বিআইএম/অন্য কোন উপযুক্ত প্রতিষ্ঠান কর্তৃক লিখিত পরীক্ষা গ্রহণ করতে হবে;

(ছ) আইবিএ/বিআইএম/অন্য কোন উপযুক্ত প্রতিষ্ঠান কর্তৃক লিখিত পরীক্ষা গ্রহণের সময় ডিএই'র সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক পরীক্ষা হলের প্রতিটি কক্ষে রোল নম্বর অনুসারে আবেদনপত্র এবং পেষ্টকৃত ছবি সম্বলিত হাজিরাসীট সরবরাহ করতে হবে এবং প্রবেশপত্রের ছবির সাথে আবেদনপত্রের ছবি অবশ্যই যাচাই করার জন্য হল পরিদর্শককে প্রয়োজনীয় নির্দেশনা দিতে হবে;

(জ) মোট ১০০ নম্বরের মধ্যে লিখিত পরীক্ষার জন্য ৭৫ নম্বর এবং মৌখিক পরীক্ষার জন্য ২৫ নম্বর থাকবে। লিখিত পরীক্ষায় মোট নম্বর ৭৫ (পঁচাত্তর) এর মধ্যে ৪০ (চল্লিশ) নম্বর বা তদুর্ধ নম্বর প্রাপ্ত প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত হবেন;

(ঝ) ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএ/বিআইএম/অন্য কোন উপযুক্ত প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের রোল নং সম্বলিত (লিখিত পরীক্ষার প্রাপ্ত নম্বর বাদে শুধু রোল নম্বর) রেজাল্ট সীট বিভাগীয় নিয়োগ/ পদোন্নতি কমিটির সভাপতি এবং সদস্য সচিব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে সীলগালা অবস্থায় গ্রহণ করবেন এবং কমিটির সদস্যগণের সামনে খাম খুলবেন ও তাঁদের রোল নম্বর বহুল প্রচারিত ০২টি জাতীয় দৈনিক পত্রিকায় এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রকাশ করতে হবে; সে অনুযায়ী মৌখিক পরীক্ষার জন্য ইন্টারভিউ কার্ড ইস্যু করতে হবে;

(ঞ) মৌখিক পরীক্ষা গ্রহণের নিমিত্ত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ০১ (এক) জন অতিরিক্ত পরিচালকের সভাপতিত্বে কৃষি মন্ত্রণালয়ের ০১(এক) জন প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০১(এক) জন প্রতিনিধি, সরকারী কর্ম-কমিশনের ০১(এক) জন প্রতিনিধি এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ০১(এক) জন উপ-পরিচালক-কে সদস্য-সচিব করে সদর দপ্তরে প্রয়োজনীয় সংখ্যক বোর্ড গঠন করতে হবে;

(ট) বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটির সভাপতি ও সদস্য সচিব কর্তৃক আইবিএ/বিআইএম/অন্য কোন উপযুক্ত প্রতিষ্ঠান হতে গৃহীত লিখিত পরীক্ষার ফলাফল (লিখিত পরীক্ষার প্রাপ্ত নম্বরসহ সীলগালাযুক্ত খামে) বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটির সদস্যদের সামনে খুলতে হবে এবং লিখিত এবং মৌখিক পরীক্ষার নম্বর যোগ করে সরকারী সকল বিধি-বিধান অনুসরণপূর্বক কমিটি নিয়োগের জন্য সুপারিশ করবে। সুপারিশকৃত তালিকা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রকাশ করতে হবে;

(ঠ) বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটি কর্তৃক সুপারিশকৃত চূড়ান্ত তালিকা অনুযায়ী প্রার্থীদের নিজ নিজ অঞ্চলে পদায়ন করতে হবে। নবনিয়োগকৃত প্রার্থীদের স্ব-স্ব অঞ্চলে পদায়ন করা সম্ভব না হলে এবং কোন কোন অঞ্চলে চূড়ান্ত নির্বাচিত প্রার্থীদের চেয়ে শূন্য পদ বেশী থাকলে অঞ্চল ভিত্তিক মেধার ভিত্তিতে শূন্য পদের বিপরীতে পদায়ন করে নিয়োগকৃত অবশিষ্ট উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণকে অন্য অঞ্চলে সমন্বয় করতে হবে;

(ড) যাবতীয় কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে গ্রহণপূর্বক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে;

(ঢ) বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটি চূড়ান্ত তালিকা সুপারিশসহ অনুমোদনের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক এর নিকট দাখিল করবে; এবং

(ণ) অঞ্চল ভিত্তিক নিয়োগ প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট বিধি বিধান অনুসারে অনুমোদিত তালিকা অনুযায়ী সংশ্লিষ্ট অতিরিক্ত পরিচালকগণ নিয়োগপত্র ইস্যু করবেন।

(মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী)
উপ-সচিব
ফোন ঃ ৯৫৫৮৮৫৩
ই-মেইলঃ sasexten1@moa.gov.bd

মহাপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
৩। প্রোগামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয় (**নীতিমালাটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো**)।
৪। অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।
৫। যুগ্ম-সচিব (সম্প্রসারণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।